25

দৈনিক ইনকিলাব

তারিখ 12 APR 1997
পৃষ্ঠা ১০ কলাম ৭

# শিক্ষা প্রতিষ্ঠানকে দুর্নীতি ও সন্ত্রাসমুক্ত করতে হবে

## —শিক্ষামন্ত্রী

গাজীপুর থেকে স্টাফ রিপোর্টার ঃ শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠানকে দুর্নীতি ও সন্ত্রাসমুক্ত করতে হবে। গতকাল (শুক্রবার) দুপুরে গাজীপুরের ভাওয়াল বদরে আলম সরকারী কলেজের ছাত্র সংসদের অভিষেক ও স্নাতক সম্মান এবং মাস্টার্স কোর্স প্রবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতাকালে তিনি একথা বলেন।

তিনি বলেন, প্রতিদিন রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে বিভিন্ন প্রকার সন্ত্রাসীমূলক ঘটনা ঘটছে। এ সকল ঘটনা কারা ঘটাচ্ছে এবং কি জন্য ঘটাচ্ছে— তা আমাদের বুঝতে হবে। সে বিষয়ে সচেতন থাকতে হবে। তিনি বলেন, মরহুম শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালে শিক্ষা কমিশন গঠন করেছিলেন এবং দীর্ঘ ২১ বছর ঐ শিক্ষা কমিশন সংক্রান্ত ফাইলটি অযত্নে-অবহেলায় পড়ে ছিল। আজ ২১ বছর পর আজ তার সুযোগ্য কন্যা বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে পুনরায় ঐ শিক্ষা কমিশন গঠনের বিষয় নিয়ে দেশে সুন্দর এবং বাস্তবমুখী একটি শিক্ষানীতি প্রণয়ন করা হচ্ছে।

তিনি বলেন, সরকারের উন্নয়নমূলক কর্মকাণ্ডে রাজনৈতিক উদ্দেশ্য হাসিল করার জন্য একটি বিরোধী রাজনৈতিক দল তৎপর রয়েছে। কলেজের প্রিন্সিপাল প্রফেসর মোহাম্মদ শামসুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সংসদ সদস্য আহসান উল্লাহ মাস্টার, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ডঃ আমিনুল ইসলাম ও গাজীপুর পৌরসভার চেয়ারম্যান আকম মোজাম্মেল হক। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন— এডভোকেট হযরত আলী, আবদুস সাত্তার মিয়া, কলেজের ভিপি এসএম পনির, সাধারণ সম্পাদক এসএম আকরাম হোসেন প্রমুখ।

শিক্ষামন্ত্রী উক্ত কলেজকে আনুষ্ঠানিকভাবে বিশ্ববিদ্যালয় কলেজ হিসেবে ঘোষণা করেন। পরে তিনি গাজীপুর সরকারী মহিলা কলেজ পরিদর্শন করেন।